

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রতিরক্ষা মন্ত্রণালয়
গণভবন কমপ্লেক্স
শেরে বাংলা নগর, ঢাকা
www.mod.gov.bd

নম্বর ২৩.০০.০০০০.০৪০.১১.০২৫.১২.৩৬০

তারিখ: ১ পৌষ ১৪২৩
১৫ ডিসেম্বর ২০১৬

প্রজ্ঞাপন

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন আর্মড ফোর্সেস মেডিকেল কলেজের ২য় শ্রেণীর গেজেটেড 'কিউরেটর (সিজিও-২)'-এর শূন্যপদে জনাব মোহাম্মদ নাছির উদ্দিন, পিতা- মোহাম্মদ নাজিম উদ্দিন, ১৯/২ জহুরাবাদ, মিরপুর-১, থানা-দারুস সালাম, ঢাকাকে সরকারী বিধি অনুসারে প্রাপ্য সুবিধাসহ জাতীয় বেতনস্কেল ২০১৫, অনুযায়ী টাকা ১৬০০০-৩৮৬৪০/-(গ্রেড-১০) বেতনক্রমে নিম্নবর্ণিত শর্তে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হল:


- (ক) এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী। যোগদানের তারিখ থেকে এ নিয়োগ কার্যকর হবে। চাকুরিতে যোগদানের তারিখ থেকে তিনি ২(দুই) বছর শিক্ষানবিশ থাকবেন। শিক্ষানবিশকাল শেষ হওয়ার পর সন্তোষজনক চাকুরির রেকর্ডের ভিত্তিতে তাঁকে নিয়মিত করা হবে। প্রয়োজনবোধে এ সময়সীমা আরও ২(দুই) বছর পর্যন্ত বর্ধিত করা যাবে। শিক্ষানবিশকাল সন্তোষজনক বিবেচিত না হলে কর্তৃপক্ষ তাঁর নিয়োগ বাতিল করতে পারবেন;
- (খ) তাঁকে আর্মড ফোর্সেস মেডিকেল কলেজের নির্ধারিত প্রশিক্ষণ গ্রহণ করতে হবে। আর্মড ফোর্সেস মেডিকেল কলেজ কর্তৃক প্রণয়নকৃত প্রশিক্ষণ কর্মসূচীতে সফলতার সাথে উত্তীর্ণ হওয়ার পরিপ্রেক্ষিতে তাঁর চাকুরিতে বহাল থাকা, ভবিষ্যৎ পদোন্নতি এবং স্থায়ী হওয়া নির্ভর করবে;
- (গ) এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী বিধায় কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে শিক্ষানবিশকালে অথবা চাকুরি স্থায়ী হওয়ার পূর্ব পর্যন্ত যে কোন সময়ে নিয়োগ বাতিল করতে পারবেন;
- (ঘ) বাংলাদেশের ভিতরে বা বাইরে আর্মড ফোর্সেস মেডিকেল কলেজের কোন বিদ্যমান বা পরবর্তীকালে স্থাপিত অফিসে তাঁকে অস্থায়ীভাবে বদলি করা হলে কোন অতিরিক্ত পারিশ্রমিক ব্যতিরেকে তিনি কাজ করতে বাধ্য থাকবেন;
- (ঙ) বিভাগীয় নির্বাচন কমিটির সুপারিশে বর্ণিত মেধাক্রম অনুযায়ী তাঁর জ্যেষ্ঠতা নির্ধারিত হবে; এবং
- (চ) নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে সরকারী প্রচলিত বিধি, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান দ্বারা তাঁর চাকুরি নিয়ন্ত্রিত হবে।

২। চাকুরিতে যোগদানের সময় তাঁকে নিম্নবর্ণিত প্রমাণকসমূহ দাখিল করতে হবে;

- (ক) ১ম শ্রেণীর ২জন গেজেটেড কর্মকর্তার নিকট থেকে প্রত্যয়নকৃত চারিত্রিক সনদপত্র (২ কপি);
- (খ) এসএসসিসহ সকল উচ্চতর পরীক্ষা পাশের সনদপত্রের সত্যায়িত অনুলিপি (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত);
- (গ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদানকৃত বাংলাদেশের নাগরিকত্ব প্রমাণের সনদপত্র; এবং
- (ঘ) নিয়োগপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক নিয়োগপত্রের সত্যায়িত কপি।

৩। উল্লিখিত শর্তাবলিতে সম্মত হলে ১ জানুয়ারি ২০১৭ তারিখে কমান্ড্যান্ট, আর্মড ফোর্সেস মেডিকেল কলেজ (এএফএমএসসি), ঢাকা সেনানিবাস, ঢাকা বরাবর যোগদান করবেন। নির্ধারিত তারিখে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



নাসিম বানু

উপসচিব

ফোন: ৯১৪১৫৭১

E-mail: d4@mod.gov.bd

বর্তমান ঠিকানা:

জনাব মোহাম্মদ নাছির উদ্দিন
পিতা-মোহাম্মদ নাজিম উদ্দিন
আর্মি মেডিকেল কলেজ, কুমিল্লা সেনানিবাস
এনাটমি বিভাগ, কুমিল্লা

স্থায়ী ঠিকানা:

জনাব মোহাম্মদ নাছির উদ্দিন
পিতা-মোহাম্মদ নাজিম উদ্দিন
১৯/২ জহরাবাদ, মিরপুর-১
থানা-দারুস সালাম
ঢাকা-১২১৬

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

- ১। কমান্ড্যান্ট, আর্মড ফোর্সেস মেডিক্যাল কলেজ (এএফএমএসসি), ঢাকা সেনানিবাস, ঢাকা
- ২। এফসি (বিবিধ), ঢাকা সেনানিবাস, ঢাকা
- ৩। উপ-পরিচালক, ফরম ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)
- ৪। সিস্টেম এনালিস্ট, প্রতিরক্ষা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)